গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রেস-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৯.২২.০০৭.১৩.৩২০

তারিখঃ ১৩ আশ্বিন ১৪২২ / ২৮ সেপ্টেম্বর ২০১৫

বিষয়ঃ **বাংলাদেশ সংবাদ সংস্থা আইন ২০১৫ এর খসড়ার বিষয়ে মতামত প্রদান।**

'বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৫' এর খসড়াটি তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়া আছে। উক্ত খসড়ার ওপর মতামত **আগামী ১৩ অক্টোবর ২০১৫** তারিখের মধ্যে নিম্নের ঠিকানায় লিখিত/নিকস ফন্টে ই-মেইলের মাধ্যমে প্রেরণের জন্য সর্বসাধারণকে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্ত: প্রস্তাবিত আইনের খসড়া।

২৮/০৯/১৫

( মোঃ জাহেদুল হক)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৪৬২
ই-মেইল: as.press@moi.gov.bd

সিস্টেম এনালিস্ট
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা
(নীতিমালাটি এই বিজ্ঞপ্তিসহ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

# বাংলাদেশ সংবাদ সংস্থা বিল-২০১৫

২০১৫ সালের-------------নং আইন

(তারিখঃ---------------)

**বাংলাদেশ সংবাদ সংস্থা ব্যবস্থাপনা ও পরিচালনার লক্ষ্যে প্রণীত আইন।**

যেহেতু ১৯৭৫ সালের ২০ আগস্ট হইতে ১৯৭৯ সালের এপ্রিল ৯ ইং তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় প্রয়োজনীয় অধ্যাদেশ কার্যকর করিবার লক্ষ্যে প্রণীত আইন এবং যেহেতু সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-১০৪৪-১০৪৫/২০০৯ এ বাংলাদেশ সুপ্রিম কোর্টের মাননীয় আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সংবিধান (পঞ্চম সংশোধন) আইন-১৯৭৯ (১৯৭৯ সালের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত সময়ের মধ্যে জারিকৃত বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) অধ্যাদেশ ১৯৭৯ কার্যকরণ বা কার্যকারিতা হারাইয়াছে এবং যেহেতু বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) অধ্যাদেশ ১৯৭৯ ও উহার অধীন প্রণীত বিধি, প্রবিধান, আদেশ বলে কৃত কাজকর্ম, প্রয়োজনীয় গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ অথবা প্রণীত, কৃত, গৃহীত বা আইনগত ভাবে সূচিত বলিয়া বিবেচিত কাজকর্ম ব্যবস্থা বা কার্যধারাসমূহসহ আইনের শাসন জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অফিস কর্মের ধারাবাহিকতা বহাল ও অক্ষুন্ন রাখিবার নিমিত্তে, জনস্বার্থে, উহাদের কার্যকারিতা অক্ষুন্ন রাখা আবশ্যক। এবং

যেহেতু বাংলাদেশ সংবাদ সংস্থার সার্ভিস পরিচালনা ও উন্নয়ন, আন্তর্জাতিক বার্তা সংস্থার সার্ভিসসমূহ জাতীয় ও আন্তর্জাতিক সংবাদ এবং এর সাথে সম্পর্কিত অথবা সংশ্লিষ্ট বিষয়গুলো তাৎক্ষনিকভাবে পৌঁছে দেয়ার লক্ষ্যে একটি জাতীয় বার্তা সংস্থা হিসেবে বাংলাদেশ সংবাদ সংস্থার সমন্বিত ব্যবস্থাপনা অপরিহার্য এবং যেহেতু মহামান্য রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সংবাদ সংস্থা আইন-২০১৫ আইনটি----------------------তারিখে অনুমোদন করেন----------------------

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল-

১. **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তণঃ**

ক) এই আইন বাংলাদেশ সংবাদ সংস্থা আইন ২০১৫ নামে অভিহিত হইবে;

খ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২. <u>সংজ্ঞাঃ</u> ক) বাংলাদেশ সংবাদ সংস্থা অর্থ যা অত্র আইনের ধারা ৩-এর অধিন বাংলদেশের জন্মলগ্ন থেকে সৃষ্টি হইয়া অদ্যাবধি জাতীয় বার্তা সংস্থা হিসেবে কার্যকর রহিয়াছে;

(খ) "বোর্ড" অর্থ, ধারা ৭-এর অধীন গঠিত সংস্থার পরিচালনা বোর্ড;

(গ) "চেয়ারম্যান" অর্থ, বোর্ড-এর চেয়ারম্যান;

(ঘ) "পরিচালক" অর্থ, বোর্ড-এর পরিচালক;

(ঙ) "ব্যবস্থাপনা পরিচালক" অর্থ, সংস্থার ব্যবস্থাপনা পরিচালক;

(চ) "বিধিমালা" অর্থ, এই আইনের অধিন প্রণীত বা গৃহীত বিধিমালা;

(ছ) "প্রবিধান" অর্থ, এই আইনের অধিন প্রণীত বা গৃহীত প্রবিধান;

(জ) "নির্ধারিত" অর্থ, এই আইনের অধিন প্রণীত বিধি অথবা প্রবিধান দ্বারা নির্ধারিত।

৩. **সংস্থা প্রতিষ্ঠা ও সংবিধিবদ্ধকরণ।-**

(ক) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ সংবাদ সংস্থা নামে একটি সংস্থা থাকিবে।

(খ) ইহা একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর ও লগো থাকিবে এবং এই আইনের বিধানাবলী স্বাপেক্ষে ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা উক্ত নামে মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪. **সংস্থার প্রধান কার্যালয়।-**

(ক) সংস্থার প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে;

(খ) সংস্থা ইহার শাখা সমূহ বোর্ডের সুপারিশ অনুসারে অন্যান্য স্থানে প্রতিষ্ঠা করিতে পারিবে।

৫. **সংস্থার দায়িত্ব ও কার্যাবলী।-** সংস্থার কার্যাবলী হইবে নিম্নরূপঃ

(ক) দেশ বিদেশ হইতে সংবাদ সংগ্রহ করিয়া গণমাধ্যমের সাহায্যে বাংলাদেশের জনগণের মধ্যে তাহা প্রচার এবং জাতীয় সংবাদ বহির্বিশ্বে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণে বাংলাদেশের জাতীয় বার্তা সংস্থার দায়িত্ব পালন করা;

(খ) আন্তর্জাতিক বার্তা সংস্থাসমূহ হইতে বিশ্বব্যাপী রাজনৈতিক, কুটনৈতিক, অর্থনৈতিক, আর্থিক এবং বানিজ্যিক, সাংস্কৃতিক ও ক্রীড়া সংবাদ সংগ্রহ করা এবং অন্যান্য দেশের জাতীয় বার্তা সংস্থাসমূহের সহিত সংবাদ বিনিময় করা;

(গ) বাংলাদেশের অভ্যন্তরে এবং বহির্বিশ্বের সকল গণমাধ্যম ও বার্তা সংস্থার নিকট সকল প্রকার সংবাদ, সাধারণ, অর্থনৈতিক ও বাণিজ্যিক ফিচার ও ছবি বিক্রয় করা;

(ঘ) সংবাদ সংগ্রহ ও বিতরণ এবং ইহার সুবিধাদির জন্য আন্তর্জাতিক বার্তা সংস্থা ও অন্যান্য দেশের জাতীয় বার্তা সংস্থার সহিত চুক্তি স্বাক্ষর করা;

(ঙ) বার্তা সংস্থার ব্যবসার জন্য পরিকল্পিত কর্মসূচী গ্রহণ করা; এবং

(চ) সংস্থার কার্যাবলী পরিচালনার সহিত সম্পর্কিত অথবা তৎসংশ্লিষ্ট কার্যাদি ও বিষয়াদি সম্পাদন করা।

৬. **সংস্থার ব্যবস্থাপনা।-** (ক) এই আইনের অধিন প্রণীত বিধি এবং প্রবিধান অনুসারে সংস্থার সাধারণ নির্দেশনা, ব্যবস্থাপনা এবং প্রশাসন একটি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে যাহা সংস্থার সকল ক্ষমতা প্রয়োগ এবং সংস্থা কর্তৃক পরিচালিত হইতে পারে এইরূপ সকল কার্য ও বিষয় সম্পাদন করিতে পরিবে।

(খ) বোর্ড ইহার কার্যাবলী সম্পাদন কালে যথাসম্ভব সাধারণভাবে জনস্বার্থের প্রতি সচেতন থাকিয়া এবং সময়ে সময়ে সরকার প্রদত্ত সাধারণ বা বিশেষ নির্দেশাবলী দ্বারা পরিচালিত হইয়া কার্য সম্পাাদন করিবে।

৭. **বোর্ডের গঠন।-** নিম্নলিখিত সদস্যগণের সমন্বয়ে বোর্ড গঠিত হইবে-

(ক) একজন চেয়ারম্যান, যিনি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন;

(খ) চারজন পরিচালক, যাহারা সরকার কর্তৃক যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহেন, এইরূপ তথ্য মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, ডাক, টেলিযোগাযোগ ও আইসিটি মন্ত্রণালয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়

হইতে নিযুক্ত হইবেন;

(গ) চারজন পরিচালক যাহারা সংস্থার নিকট হইতে সংবাদ গ্রহণ করে এইরূপ সংবাদপত্রের সম্পাদকগণের মধ্য হইতে সরকার কর্তৃক নিযুক্ত হইবেন, যাহাদের মধ্যে অন্তত একজন নারী সদস্য হইবেন;

(ঘ) ইলেক্ট্রনিক গণমাধ্যমের সম্পাদক সমমানের একজন প্রতিনিধি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন;

(ঙ) যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক পদমর্যাদার একজন প্রতিনিধি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন;

(চ) একজন প্রতিনিধি যিনি সংস্থার সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারীগণের মধ্য হইতে নিযুক্ত হইবেন; এবং

(ছ) পদাধিকার বলে ব্যবস্থাপনা পরিচালক, যিনি বোর্ডের সদস্য-সচিবও হইবেন।

৮. **চেয়ারম্যান ও অন্যান্য পরিচালক নিয়োগের শর্ত।-**

(ক) ভিন্নরূপ কোন বিধান না থাকিলে, চেয়ারম্যান এবং অন্যান্য পরিচালক সরকার কর্তৃক মনোনীত হইবেন। তিনি বা তাহার মনোনয়নের তারিখ হইতে অনধিক তিন বৎসর দায়িত্ব পালন করিবেন, তবে স্থায়ী অক্ষমতা বা অন্য কোন কারণে সরকার তাহাকে অব্যাহতি প্রদান করিতে পারিবেন; এবং একজন অবসর গ্রহনকারী চেয়ারম্যান অথবা পরিচালক অপর এক মেয়াদে পুনঃনিয়োগের জন্য যোগ্য হইবেন;

(খ) পরিচালক হিসাবে নিযুক্ত ব্যক্তি যখন তাহার জন্য নির্দিষ্ট স্বার্থের প্রতিনিধিত্ব না করেন, তখন তিনি আর পরিচালক থাকিবেন না এবং তাহার পদ শূণ্য বিবেচিত হইবে এবং অতঃপর উক্ত শূণ্য পদ পূরণের জন্য অন্য কোন ব্যক্তিকে পরিচালক হিসাবে নিযুক্ত করা হইবে;

(গ) নব-নিযুক্তি দ্বারা একজন পরিচালকের শূন্য পদ পূরণ করা হইবে এবং এই ধরনের নিয়োগ প্রাপ্ত পরিচালক, তাহাকে যাহার শূণ্য পদে নিয়োগ করা হইবে তাহার অবশিষ্ট মেয়াদ পর্যন্ত দায়িত্বে থাকিবেন;

(ঘ) চেয়ারম্যান এবং অন্যান্য পরিচালকগণ বোর্ড সভার জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী পাইবেন;

(ঙ) চেয়ারম্যান এবং অন্যান্য পরিচালকগণ বোর্ডের নির্ধারিত কোন কার্যে নিয়োজিত হইলে সরকার কর্তৃক নির্ধারিত হারে তাহাদের ভ্রমণ ও অন্যান্য ব্যয় নির্বাহ করা হইবে।

(চ) বোর্ডের কোন সদস্য যদি তার যোগ্যতা হারায় তাহলে তাঁর পদ শূণ্য বলে বিবেচিত হইবে এবং মন্ত্রণালয় অবিলম্বে শূণ্য পদে নতুন সদস্য মনোনীত করিবেন।

৯. **সাংবাদিক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, ইত্যাদি ঃ**

(ক) সংস্থা ইহার কার্যাবলী দক্ষতার সহিত সম্পাদনের উদ্দেশ্যে সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা এবং তৎকর্তৃক নির্ধারিত মেয়াদ ও শর্তে, যেইরূপ প্রয়োজন মনে করিবে সেইরূপ সংখ্যক সাংবাদিক, কর্মকর্তা ও কর্মচারী সংস্থার বিধি-বিধান মতে নিয়োগ প্রদান করিতে পারিবে;

(খ) বোর্ড, সরকারের অনুমোদন স্বাপেক্ষে এবং তৎকর্তৃক লিখিতভাবে প্রদত্ত সাধারণ ও সুনির্দিষ্ট স্থায়ী আদেশ দ্বারা ইহার সাংবাদিক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ এবং তাহাদের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের পদ্ধতি নির্ধারণ করিবে।

(গ) সাংবাদিক, কর্মকর্তা, কর্মচারী ইত্যাদি নিয়োগ ও চাকুরীর শর্তাবলী বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

**১০. পদশূণ্য হওয়া, অযোগ্যতা, ইত্যাদি।-**

(ক) কোন ব্যক্তি চেয়ারম্যান অথবা পরিচালক হইবেন না অথবা তাহার পদে বহাল থাকিবেন না, যিনি-

(১) ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালক হিসেবে নিযুক্ত কর্মচারী ব্যতিত সংস্থার কোন বেতনভূক্ত কর্মচারী ; অথবা

(২) যে কোন সময়ে এমন কোন অপরাধে দোষী সাব্যস্ত হইয়াছেন যাহা নৈতিক স্খলণজনিক ; অথবা

(৩) উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত হইয়াছেন; অথবা

(৪) সরকারী দায়িত্ব পালনের জন্য আপাতত বলবৎ কোন আইনের অধীন বা দ্বারা অনুপযুক্ত বলিয়া ঘোষিত হইয়াছেন; অথবা

(৫) যে কোন সময়ে দেউলিয়া বলিয়া ঘোষিত হন বা হইয়াছেন; অথবা

(৬) চেয়ারম্যান কর্তৃক অথবা, চেয়ারম্যানের ক্ষেত্রে, সরকার কর্তৃক ছুটি মঞ্জুরী ব্যতীত, বোর্ডের একাদিক্রমে তিনটি সভায় অনুপস্থিত থাকেন।

(খ) চেয়ারম্যান অথবা অন্য কোন পরিচালক অসুস্থতা বা অন্য কোন অক্ষমতা অথবা ঢাকায় অনুপস্থিতির কারণে যে কোন সময়ে তাঁহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে অথবা চেয়ারম্যান বা অন্য কোন পরিচালকের পদ কোন সময়ে শূণ্য থাকিলে, সরকার তাহার স্থলে বা পদে নির্ধারিত শর্তে ও মেয়াদের জন্য যে কোন ব্যক্তিকে অস্থায়ী নিয়োগ দিতে পারিবে;

(গ) সাংবাদিক, কর্মকর্তা, কর্মচারীদের ক্ষেত্রে উপরোক্ত যাহা প্রযোজ্য তৎসহ অত্র সংস্থার প্রনীত আইন ও বিধির পরিপন্থি কার্যকরনের জন্য তৎপ্রেক্ষিতে বোর্ডের সিদ্ধান্তক্রমে তাদের পদ শূণ্য হওয়া বা অযোগ্যতা বিবেচিত হইবে;

(ঘ) এই আইনে যাহা উল্লেখ করা হয় নাই এমন বিষয় সরকারের বিদ্যমান আইন/বিধি প্রযোজ্য হইবে।

**১১. বোর্ডের সভা ঃ**

(ক) নির্ধারিত সময়ে ও স্থানে বোর্ডের সভা অনুষ্ঠিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যানের সহিত পরামর্শক্রমে ব্যবস্থাপনা পরিচালক অন্যভাবেও বোর্ডের সভা আহবান করিতে পারিবেন;

(খ) চেয়ারম্যানসহ সাত জন পরিচালকের সমন্বয়ে বোর্ডের সভার কোরাম গঠিত হইবে;

(গ) চেয়ারম্যান বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে উপস্থিত পরিচালকগণ তাহাদের মধ্য হইতে একজনকে এতদুদ্দ্যেশ্যে নির্বাচিত করিবেন;

(ঘ) বোর্ডের সভায় সকল বিষয়ে উপস্থিত পরিচালকগণের সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হইবে;

(ঙ) বোর্ডের সভায় প্রত্যেক পরিচালকের একটি করিয়া ভোট থাকিবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভাপতির একটি দ্বিতীয় অথবা নির্ণায়ক ভোট থাকিবে।

**১২. কার্যধারার বৈধতা।-**

(ক) কেবলমাত্র কোন পদের শূণ্যতা অথবা বোর্ড গঠনে কোন ত্রুটি থাকিবার কারণে বোর্ডের কোন কার্য অথবা কার্যধারা অবৈধ হইবে না; এবং বোর্ডের কোন পদের শূণ্যতা অথবা কোন কারণে কোন পরিচালকের সাময়িক অনুপস্থিতি অন্যান্য পরিচালকগণের কার্য সম্পাদনের ক্ষমতাকে ক্ষুন্ন করিবে না।

(খ) চেয়ারম্যান অথবা পরিচালক হিসাবে সরল বিশ্বাসে কৃত সকল কার্য বৈধ হইবে, যদিও পরবর্তীকালে প্রমানিত হয় যে, কোন ত্রুটি বা অযোগ্যতার কারণে উক্ত নিযুক্ত অবৈধ ছিল অথবা আপাতত বলবৎ কোন আইন অনুসারে তিনি অপসারিত হইয়াছিলেনঃ

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান অথবা কোন পরিচালকের নিযুক্ত অবৈধ ছিল অথবা তাহারা অপসারিত হইয়াছিল মর্মে প্রদর্শিত হইলে, এই ধারার কোন কিছুই তাহাদের কোন কার্যকে বৈধতা প্রদান করিয়াছে বলিয়া গণ্য হইবে না।

১৩. **ব্যবস্থাপনা পরিচালকঃ**

(ক) সরকার, তৎকর্তৃক নির্ধারিত মেয়াদ ও শর্তে, সাংবাদিকতায় ন্যুনতম পনের বৎসরের অভিজ্ঞতা রহিয়াছে এইরূপ কোন সাংবাদিককে ব্যবস্থাপনা পরিচালক হিসাবে নিযুক্ত করিবে এবং তিনি সংস্থার প্রধান সম্পাদকও হইবেন।

(খ) ব্যবস্থাপনা পরিচালক একজন সার্বক্ষনিক কর্মকর্তা এবং সংস্থার প্রধান প্রশাসনিক কর্মকর্তাও হইবেন, এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, তিনি সংস্থার কর্মকান্ড এবং তহবিল পরিচালনা ও ব্যবস্থাপনা করিবেন, এবং সংস্থার কার্যাবলী সম্পাদন করিবার উদ্দ্যেশ্যে নিযুক্ত সাংবাদিক, কর্মকর্তা ও কর্মচারীগণের তদারকী ও পরিচালনা করিবেন, এবং বোর্ড কর্তৃক তাহার উপর অর্পিত অথবা নির্ধারিত কর্তব্যও সম্পাদন করিবেন।

১৪. **ক্ষমতা অর্পণঃ**

বোর্ড, লিখিতভাবে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা আদেশে উল্লেখিত নির্ধারিত পরিস্থিতি ও শর্তে, যদি থাকে, এই মর্মে নির্দেশ প্রদান করিতে পারিবে যে, ইহার উপর অর্পিত ক্ষমতা সংস্থার চেয়ারম্যান বা কোন পরিচালক অথবা কোন কর্মকর্তা প্রয়োগ করিতে পারিবে।

১৫. **সংস্থার তহবিলঃ**

(ক) সংস্থার একটি নিজস্ব তহবিল থাকিবে যাহা উহার কার্যাবলী সম্পর্কিত ব্যয় নির্বাহে ব্যবহৃত হইবে।

(খ) সংস্থার তহবিলের উৎস হইবে-

১) সরকার কর্তৃক প্রদত্ত মঞ্জুরী;

২) সরকার হইতে গৃহীত ঋণ;

৩) সংবাদ গ্রাহকদের ফি;

৪) উপহার ও দান;

৫) সংবাদ নিবন্ধ, ফিচার, ছবি এবং তৎসংশ্লিষ্ট এবং অন্যান্য জিনিসের বিক্রয়লব্ধ অর্থ ও রয়্যালটি;

৬) এজেন্সী, ফাউন্ডেশন ও সংগঠনের মঞ্জুরি ও চাঁদা;

৭) বিজ্ঞাপন হইতে আয়;

৮) নিজস্ব সম্পদ হইতে আয়; এবং

৯) অন্যান্য উৎস হইতে আয়।

(গ) সংস্থার সমূদয় অর্থের বিবরণ বোর্ডের অনুমোদিত কোন ব্যাংকে বা ব্যাংকসমূহে জমা রাখিতে হইবে।

১৬. **বাজেটঃ**

সংস্থা প্রত্যেক অর্থ বৎসর আরম্ভ হইবার পূর্বে, সরকার কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত ছকে

প্রতি অর্থবৎসরের প্রাক্কলিত আয় ও ব্যয় এবং সেই অর্থবৎসরে সরকারের নিকট হইতে উন্নয়ন ও অনুন্নয়ন খাতে কি পরিমান অর্থের প্রয়োজন হইতে পারে তাহা উল্লেখ পূর্বক, একটি বাজেট অনুমোদনের জন্য সরকারের নিকট পেশ করিবে।

১৭. **হিসাবঃ** সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে এবং ছকে বাংলাদেশ সংবাদ সংস্থা উহার হিসাব পরিচালনা করিবে।

১৮. **নিরীক্ষাঃ**

(ক) নির্ধারিত পদ্ধতিতে সংস্থার হিসাব প্রতি বৎসর বাংলাদেশের মহা-হিসাব নিয়ন্ত্রক ও নিরীক্ষক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক বলিয়া উল্লিখিত, কর্তৃক নিরীক্ষিত হইবে:

তবে শর্ত থাকে যে, মহা-হিসাব নিরীক্ষক বার্ষিক নিরীক্ষা ছাড়াও স্ব-উদ্যোগে অথবা এতদুদ্দেশ্যে সরকারের নিকট হইতে অনুরোধের প্রেক্ষিতে, যখন প্রয়োজন মনে করেন তখন সংস্থার হিসাব নিরীক্ষা করিতে পারিবেন।

(খ) নিরীক্ষার উদ্দেশ্যে, মহা-হিসাব নিরীক্ষক অথবা তাঁহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি সংস্থার সকল রেকর্ড, বহি, দলিলাদি, হিসাব, নগদ এবং সংস্থার অন্যান্য সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং চেয়ারম্যান, যে কোন পরিচালক অথবা যে কোন কর্মকর্তা বা অন্যান্য কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন, এবং এইরূপ নিরীক্ষাকালে মহা-হিসাব নিরীক্ষক অথবা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা যাচনা করিলে, সংস্থা ইহার হিসাব বহিসমূহ ও সংশ্লিষ্ট দলিলাদি উপস্থাপন করিবে এবং কোন ব্যাখ্যা ও তথ্য যাচনা করিলে তাহাও সরবরাহ করিবে।

(গ) মহা-হিসাব নিরীক্ষক সংস্থা বরাবর অনুলিপিসহ সরকারের নিকট নিরীক্ষা প্রতিবেদন পেশ করিবেন যাহাতে তিনি উল্লেখ করিবেন তাঁহার মতানুসারে, সংস্থার হিসাব যথাযথভাবে প্রণীত হইয়াছে কি না এবং তিনি যদি সংস্থার নিকট কোন ব্যাখ্যা বা তথ্য যাচনা করিয়া থাকেন, তাহা হইলে উহা প্রদান করা হইয়াছে কি না এবং তাহা সন্তোষজনক কি না।

(ঘ) সংস্থা নিরীক্ষায় উত্থাপিত যে কোন আপত্তির বিষয় সংশোধনের জন্য সরকার কর্তৃক প্রদত্ত যে কোন নির্দেশ পালন করিবে।

১৯. **প্রতিবেদন, ইত্যাদি।-**

(ক) সংস্থা সরকার কর্তৃক সময়ে সময়ে যাচিত রিটার্ন, প্রতিবেদন ও বিবরণী সরকারের নিকট সরবরাহ করিবে।

(খ) সংস্থা প্রতি অর্থবৎসর সমাপ্ত হইবার পর, যথাশীঘ্র সম্ভব, মহা-হিসাব নিরীক্ষক কর্তৃক নিরীক্ষিত হিসাব প্রতিবেদনসহ ইহার সেই বৎসরের কার্যের হিসাবের প্রকৃত ও নির্ভরযোগ্য বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন এবং পরবর্তী অর্থ বৎসরের জন্য প্রস্তাব সরকারের নিকট পেশ করিবে।

(গ) উপ-ধারা (খ) এর অধীন সরকার কর্তৃক প্রাপ্ত হিসাব ও বার্ষিক প্রতিবেদনের অনুলিপি সরকারী গেজেটে প্রকাশ এবং সংসদে পেশ করিতে হইবে।

২০. **সংস্থার বিলুপ্তি।-** কোম্পানী বা কর্পোরেশনের বিলুপ্তি সংক্রান্ত আইনের কোন বিধান সংস্থার বিলুপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না এবং সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতি ব্যতীত সংস্থা বিলুপ্ত হইবে না।

২১. **বিধি এবং প্রবিধান প্রণয়নের ক্ষমতাঃ**

(ক) সরকার এই আইনের বিধানাবলী কার্যকর করিবার লক্ষ্যে বিধি প্রণয়ন করিতে পারিবে।

(খ) সংস্থা এই আইনের বিধানাবলী কার্যকর করিবার লক্ষ্যে সরকারের পূর্বানুমোদনক্রমে, যে সকল

বিষয়ে বিধান করা সমিচীন ও প্রয়োজনীয় মনে করিবে, সেই সকল বিষয়ে, এই আইনের বিধানাবলী এবং সরকার কর্তৃক প্রণীত বিধির সহিত অসঙ্গতিপূর্ণ নহে এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

(গ) এই ধারার অধীন প্রণীত বিধি ও প্রবিধান সরকারি গেজেটে প্রকাশিত হইবে এবং এইরূপ প্রকাশিত হইবার সঙ্গে সঙ্গে উহা বলবৎ হইবে।

(ঘ) ইতোপূর্বে অত্র সংস্থার জন্য প্রণীত বিধি-বিধান, প্রবিধানসমূহ অত্র আইনের বিধি-বিধান এবং প্রবিধান হিসেবে গৃহিত হইবে এবং সর্বত্র উহা সম অর্থে কার্যকর বা বলবৎ থাকিবে।

২২. **সম্পদের হস্তান্তর, ইত্যাদি।**- এই আইন প্রবর্তনের পর, আপাততঃ বলবৎ অন্য কোন আইনে অথবা কোন চুক্তিতে বা সমঝোতায় অথবা কোন দলিলে অথবা প্রজ্ঞাপনে অথবা আদেশে যাহা কিছুই থাকুক না কেন,-

(ক) বাংলাদেশ (সম্পদ ও সম্পত্তি অর্পণ) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি.ও. নং-২৯) এর অধিন সরকারের নিকট অর্পিত বাংলাদেশে উক্ত বিলুপ্ত এসোসিয়েটেড প্রেস-এর সমস্ত সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুবিধাদি, এবং সমস্ত অস্থাবর ও স্থাবর সম্পত্তি, নগদ অর্থ ও ব্যাংক স্থিতি জমা, মঞ্জুরি ও তহবিল এবং তৎসংশ্লিষ্ট বা উহা হইতে উদ্ভূত অন্য সকল প্রকার অধিকার ও স্বার্থ এবং সমস্ত হিসাব বহি, রেজিষ্টার, রেকর্ড এবং তৎসম্পর্কিত যে কোন ধরনের দলিলাদি হস্তান্তরিত এবং ন্যস্ত হইবে;

(খ) বাংলাদেশে এবং বাংলাদেশ সম্পর্কিত উক্ত বিলুপ্ত এসোসিয়েটেড প্রেস-এর সকল প্রকার ঋণ, দায় ও দায়িত্ব সরকার, এতদ্‌বিষয়ে ভিন্নরূপ নির্দেশ প্রদান না করিলে উহা সংস্থার ঋণ, দায় ও দায়িত্ব হিসাবে গণ্য হইবে;

(গ) আইনটি প্রবর্তনের অব্যবহিত পূর্বে বাংলাদেশে কর্মরত উক্ত বিলুপ্ত এসোসিয়েটেড প্রেস-এর প্রত্যেক কর্মকর্তা অথবা কর্মচারী সংস্থায় তাৎক্ষনিক স্থানান্তরিত হইবেন এবং আইনটি প্রবর্তনের অব্যবহিত পূর্বে তাহাদের ক্ষেত্রে যেইরূপ শর্ত প্রযোজ্য ছিল সেইরূপ শর্তে স্ব-স্ব পদে সংস্থায় চাকুরিরত থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, কোন কর্মকর্তা অথবা কর্মচারী সংস্থা কর্তৃক প্রয়োজনের অতিরিক্ত বলিয়া বিবেচিত হইলে, যথাযথ নোটিশ ও নির্ধারিত ক্ষতিপূরণসহ তাহাদেরকে চাকুরী হইতে অপসারন করা যাইবেঃ

তবে আরো শর্ত থাকে যে, আপাতত বলবৎ চাকুরীর মেয়াদ ও শর্তে বা কোন রোয়েদাদে বা কোন সেটেলমেন্ট-এ বা কোন চুক্তিতে যাহা কিছুই থাকুক না কেন, সরকার বা সরকারের পূর্বানুমোদনক্রমে, সংস্থা উহার কর্মকর্তা বা কর্মচারীর পারিশ্রমিক হ্রাস বা বৃদ্ধি বা তাহাদের চাকুরীর মেয়াদ ও শর্তাবলী পরিবর্তন করিতে পারিবে।

২৩. **বিদ্যমান বাংলাদেশ সংবাদ সংস্থা অধ্যাদেশ, ১৯৭৯ঃ**

(ক) এতদ্বারা' বাংলাদেশ সংবাদ সংস্থা অধ্যাদেশ, ১৯৭৯' (১৯৭৯ সনের ২০ নং অধ্যাদেশ) রহিত করা হইল।

(খ) উক্তরূপ রহিতকরণ সত্বেও রহিতকৃত অধ্যাদেশ এর অধীন কৃত কোন কার্য বা গৃহিত কোন ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

----------------x-----------------